

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫২৮০

পর্ব-২৬: মন-গলানো উপদেশমালা (১৯৯১)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ - আশা আকাঙ্কা ও উদ্বেগ প্রসঙ্গ

اَلْفصنْلُ الثَّنِفْ (بَابِ الأمل والحرص)

আরবী

وَعَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «أَعْمَارُ أُمَّتِي مَا بَيْنَ السِتِّينَ إِلَى السَّبْعِينَ وَأَقَلُّهُمْ مَنْ يَجُوزُ ذَلِكَ» . رَوَاهُ التِّرْمِذِيُّ وَابْنُ مَاجَهْ وَذُكِرَ حَدِيثُ عَبْدِ اللَّهِ بنِ الشَّخِينَ وَأَقَلُّهُمْ مَنْ يَجُوزُ ذَلِكَ» . رَوَاهُ التِّرْمِذِيُّ وَابْنُ مَاجَهْ وَذُكِرَ حَدِيثُ عَبْدِ اللَّهِ بنِ الشَّخِينِ فِي «بَاب عِيَادَة الْمَريض»

حسن ، رواه الترمذى (3550 وقال: غريب حسن) و ابن ماجم (4236) 0 حديث عبدالله بن الشخير تقدم (1469) -

(حسن)

বাংলা

৫২৮০-[১৩] উক্ত রাবী (আবু হুরায়রাহ্ রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) বলেছেন: আমার উম্মতের বয়স ষাট হতে সত্তর বছরের মাঝামাঝি এবং এমন লোকের সংখ্যা কম হবে যারা তা পাড়ি দিবে। (তিরমিযী ও ইবন মাজাহ)

এ প্রসঙ্গে 'আবদুল্লাহ ইবনু শিখীর-এর বর্ণিত হাদীস "রোগীর সেবাযত্নু" অধ্যায়ে বর্ণিত হয়েছে।

ফুটনোট

হাসান : তিরমিয়ী ৩৫৫০, ইবনু মাজাহ ৪২৩৬, সিলসিলাতুস সহীহাহ্ ৭৫৭, সহীহুল জামি ১০৭৩, আবু ইয়া'লা ৫৯৯০, সহীহ ইবনু হিব্বান ২৯৮০, আল মুজামুল কাবীর লিত্ব বারানী ১০৫৬, আল মুজামুল আওসাত্ব ৫৮৭২, আল মুসতাদরাক লিল হাকিম ৩৫৯৮, আস্ সুনানুল কুবরা লিল বায়হাকী ৬৭৫৯।

ব্যাখ্যা



ব্যাখ্যা: অত্র হাদীসের ব্যাখ্যা পূর্বের হাদীসের অনুরূপ। ষাট থেকে সত্তর বছর বয়স হলো এ উম্মাতের ভারসম্পন্ন বা জীবনের উৎকর্ষের নির্দিষ্ট স্তর (STANDARD TIME)। খুব অল্প সংখ্যক মানুষ এটা অতিক্রম করে একশত বা তার উধ্বের্ব পৌঁছতে পারে। সাহাবীদের মধ্যে আনাস ইবনু মালিক, আসমা বিনতু আবু বাকর প্রমুখ একশত বছর বা তার চেয়ে সামান্য বেশি বছর বেঁচে ছিলেন।

এছাড়াও ব্যতিক্রম দুই একজন সাহাবী শতবর্ষের উধের্ব বেঁচে ছিলেন, যেমন কবি হাসসান ইবনু সাবিত, সালমান ফারসী প্রমুখ সাহাবী (রাঃ)। সালমান ফারসী সম্পর্কে কথিত আছে, তিনি আড়াইশত বছর জীবিত ছিলেন। এমনকি সাড়ে তিনশত বছরের কথাও উল্লেখ আছে। (মিরক্কাতুল মাফাতীহ; লুম'আহ্ ৮ম খণ্ড, ৪৯১ পূ.)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন